ভোরের কাগজ

তারিখ 06 NOV 1998

পৃষ্ঠা ৭ কলাম ৩

ঢা.বির শিক্ষকদের কাণ্ড

# ২২৫টি খাতা দেখতে সময় লেগেছে ১৩ মাস

পিনাকী রায় : ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজ বিজ্ঞান বিভাগে মাস্টার্স পরীক্ষার ফলাফল এক বছরেও প্রকাশ না করার কারণে অনুসন্ধানে গঠিত কমিটি রিপোর্ট জমা দিয়েছে। রিপোর্টে শিক্ষকদের অবহেলাকে দায়ী করে একজন শিক্ষককে ৩ বছর পরীক্ষা কার্যক্রমে অংশগ্রহণের সুযোগ না দেওয়া এবং দুজনকে সতর্ক করে দেওয়ার সুপারিশ করা হয়েছে।

১৯৯৭ সালের ২০ আগস্ট বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগের ১৯৯৫-৯৬ শিক্ষাবর্ষের মাস্টার্স পরীক্ষা শেষ হয়। আর ছাত্রদের আন্দোলনের মুখে গত ২১ অক্টোবর ফলাফল প্রকাশিত হয়। ফলাফল প্রকাশে বিলম্ব হওয়ার কারণ অনুসন্ধানে কর্তৃপক্ষ ৫ সদস্যের একটি কমিটি গঠন করে।

কমিটির রিপোর্টে বলা হয়েছে, অধ্যাপক এইচকে সামসুল আরেফিন পরীক্ষা শেষ হওয়ার ১৩ মাস পর ২২৫টি খাতা দেখা শেষ করে জমা দিয়েছেন। অপর দুজন শিক্ষক ড. এআই মাহবুব আহমেদ ও মোহাম্মদ ইমদাদুল হক যথাক্রমে ৩২টি এবং ১৪টি খাতা দেখার জন্য ১৪০ ও ১০৭ দিন সময় নিয়েছেন। বিশ্ববিদ্যালয় আইনে পরীক্ষা শেষ হওয়ার ৩ মাসের মধ্যে ফলাফল প্রকাশের বিধান রয়েছে।

কমিটি অধ্যাপক সামসুল আরেফিনকে ৩ বছর কোনো পরীক্ষা কার্যক্রমে অংশগ্রহণের সুযোগ না দেওয়া এবং মুহাম্মদ ইমদাদুল হক এবং এআই মাহবুবউদ্দিন আহমেদকে সতর্ক করে দেওয়ার সুপরিশ করেছে। অধ্যাপক আরেফিন বর্তমানে নৃবিজ্ঞান বিভাগের চেয়ারম্যানের দায়িত্ব পালন করছেন। সিন্ডিকেট সভায় এ ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে।